**ALL INDIA RADIO**

# আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**08 JULY 2024** **7:45—7:55 PM IST**

===========================================================================

১। রাজ্যের বন্যা পরিস্থিতি কিছুটা উন্নত /বন্যাপ্লাবিত অঞ্চলগুলোতে উদ্ধার ও সাহায্য অভিযান অব্যাহত ।

২। আশ্রয় শিবিরে থাকা মহিলা শিশু ও মহিলাদের বিশেষ প্রয়োজনীয়তার প্রতি লক্ষ্য রেখে শিশুখাদ্য , ওষুধ ইত্যাদি নিয়মিত সরবরাহ নিশ্চিত করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার প্রকাশ ।

৩। বন্যা পরিস্থিতি মোকাবিলায় কেন্দ্রীয় সরকারকে সম্ভবপর সবধরণের সাহায্য প্রদান করতে বিরোধি দলনেতা রাহুল গান্ধীর আহ্বান ।

৪) সুপ্রীম কোর্টের কেন্দ্র , এন টি এ ও সিবিআইকে আগামী বধবারের মধ্যে নীট ইউ - জির প্রশ্নপত্র সংক্রান্ত তদন্তের প্রতিবেদন দাখিল করতে নির্দেশ । এবং

৫। চলতি বছরের মধ্যে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী , রাজ্য পুলিশ উপ-পরিদর্শক , কন্সটেবল নিযুক্তির জন্য প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা আলোচনা চূড়ান্ত করতে আধিকারীকদের সঙ্গে মুখ্যমন্ত্রীর বৈঠক ।

---

রাজ্যের বন্যা পরিস্থিতি আজ কিছুটা উন্নত হয়েছে তবে ২৮ টি জেলার প্রায় ২২ লক্ষ লোক এখনো বন্যার কবলে রয়েছে ।বিগত ২৪ ঘন্টায় ৮ জনের মৃত্যু হওয়ায় সাম্প্রতিক বন্যায় রাজ্যে মৃতের সংখ্যা বেড়ে ৬৬ ।রাজ্যের ৯৭ টি রাজস্ব

চক্রের প্রায় ৩ হাজার ৪০০ টিরও বেশী গ্রাম বন্যার জলে প্লাবিত হয়েছে এবং ৬৮ হাজার হেক্টরেরও বেশী কৃষিজমি প্লাবিত হয়েছে ।এনডিআর এফ , এস ডিআর এফ সহ উদ্ধারকারী দলগুলি বিগত ২৪ ঘন্টায় রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ২১৮ জন লোককে উদ্ধার করেছে ।প্রশাসনের স্থাপন করা ২৬৯ টি আশ্রয় শিবিরে ৫৩ হাজারেরও বেশী লোক আশ্রয় গ্রহণ করেছেন ।বিগত ২৪ ঘন্টায় অন্যান্য পরিকাঠামো সহ ১৭২ টি সড়ক ও ৬ টি সেতু বন্যয় ক্ষতিগ্রস্থ হয়েছে ।এছাড়া এবারের বন্যায় ১৫ লক্ষের ও বেশী পশুধনের ক্ষতি হয়েছে ।

আসাম সরকার বন্যার ক্ষতিগ্রস্থ লোকেদের সহায়তা করার জন্য সব ধরণের ব্যবস্থা গ্রহণ করা সহ নিয়মিত স্বাস্থ্য শিবিরের আয়োজন করে প্রয়োজনীয় ওষুধ ও অন্যান্য সামগ্রী প্রদান করা অব্যাহত রেখেছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানান ।তিনি বলেন যে আশ্রয়শিবিরে থাকা শিশু ও মহিলাদের বিশেষ প্রয়োজনীয়তার প্রতি লক্ষ্য রেখে শিশু খাদ্য , সেনিটারি নেপকিন , ওষুধ ইত্যাদি নিয়মিত সরবরাহ করা সুনিশ্চিত করা হয়েছে ।

কাজিরাঙ্গা জাতীয় উদ্যানের বন্যপ্রাণী সুরক্ষার প্রতি লক্ষ্য রেখে মুখ্যমন্ত্রীর নির্দেশে ৭১৫ নম্বর জাতীয় সড়কে চলাচল করা যানবাহনগুলোকে পুলিশ এবং বন বিভাগের বাহনের সাহায্যে এসকর্ট প্রদান করে চলাচল করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।এদিকে কাছাড় জেলার বড়খলা ,কাটিগড়া , চান্দমারী ,মালিনীবিল সহ নীচু এলাকাগুলো  এখোনো বন্যার জলে প্লাবিত রয়েছে ।শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য আজ কাটিগড়া বিধানসভা এলাকার  কিনোখাল এল পি স্কুল , সালিমাবাদ এবং নরপতি কালীবাড়ির আশ্রয় শিবির পরিদর্শন করেন এবং বন্যাক্রান্ত লোকেদের খোজখবর নেন । এছাড়া পর্যাপ্ত ত্রাণ সামগ্রী বন্টন , পরিস্কার পরিচ্ছন্নতা ইতাদি বিষয়ও খতিয়ে দেখেন ।

করিমগঞ্জ জেলার বিভিন্ন অঞ্চল এখনো বন্যার জলে প্লাবিত রয়েছে ।করিমগঞ্জ শহরের নীচু এলাকা সহ বদরপুর ,নিলাম বাজার , পাথারকান্দি রাজস্ব চক্রের ৬০ টি অঞ্চল বন্যায় ক্ষতিগ্রস্থ হয়েছে ।৪০ হাজারেরও বেশী লোক বন্যায় ক্ষতিগ্রস্থ হয়েছেন ।জেলার ৪২ টি আশ্রয়শিবিরে ৩ হাজার ৫০০ জনেরও বেশী লোক আশ্রয় নিয়েছেন ।

রাজ্যের বন্যা পরিস্থিতি মোকাবিলা করতে কংগ্রেস সাংসদ তথা বিরোধী দলনেতা রাহুল গান্ধী কেন্দ্রীয় সরকারকে সম্ভবপর সব ধরনের সাহায্য প্রদান করতে আহ্বান জানিয়েছেন । শ্রী গান্ধী আজ কাছাড় জেলার ফুলেরতলে বন্যায় ক্ষতিগ্রস্তদের আশ্রয় নেওয়া শিবিরে গিয়ে পরিস্থিতি পর্যবেক্ষন করা সহ বন্যার্তদের সংগে মত বিনিময় করেন । এর আগে আসম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি ভূপেন বরার নেতৃত্বে এক প্রতিনিধি দল রাজ্যের বন্যা সমস্যা সম্পর্কে সাংসদকে একটি স্মারকপত্র প্রদান করেন ।স্মারকপত্রে বন্যার ভয়াভহ প্রভাবের ওপর আলোকপাত করে বন্যার্তদের সম্মুখীন হোয়া পরিস্থিতির বিষয়ে উল্লেখ করা হয়েছে ।এছাড়া কেন্দ্র থেকে লাভ করা সাহায্য সম্পর্কে প্রতিনিধি দলটি স্মারকপত্রে উল্লেখ করেছে ।শিবিরে গিয়ে পরিস্থিতি পর্যবেক্ষনের পর শ্রী গান্ধী মণিপুরের উদ্দেশ্যে রোয়ানা দেন ।শ্রী গান্ধী জিরিবামে হিংসার শিকার হোয়া একাংশ লোকের সংগে মত বিনিময় করেন । এরপর তিনি চূড়াচান্দপুরে গিয়ে আশ্রয় শিবির পরিদর্শন করেন ।

---

সুপ্রীম কোর্ট কেন্দ্র এবং জাতীয় পরীক্ষা সংস্থা  এন টি এ কে নীট ইউ- জি প্রশ্নপত্র ফাঁস সম্পর্কে প্রতিবেদন দাখিল করতে আহ্বান জানিয়েছে ।  সুপ্রীম কোর্ট সি বি আইকে প্রশ্নপত্র ফাঁস হোয়া সম্পর্কে এ পর্যন্ত তদন্তের প্রতিবেদন জমা দিতে ও নির্দেশ দিয়েছে । কেন্দ্র ,এন টি এ , ও সিবি আইকে এই প্রতিবেদন আগামী বুধবার  বিকেল ৫ টার মধ্যে জমা দিতে বলেছে ।এদিকে মুখ্য বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় ও বিচারপতি জে বি পাড়িওয়ালাকে নিয়ে গঠিত বেঞ্চ নীট - ইউ জি পরীক্ষার অনিয়ম ও অভিযোগ সংক্রান্ত বিষয় নিয়ে বেশ কয়েকটি আবেদনের শুনানি আজ গ্রহণ করেছে । নীট ইউ জি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস , অনিয়ম , অভিযোগ ইত্যাদি সংক্রান্ত পরবর্তী শুনানি আগামী বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে ।

---

জাতীয় পরীক্ষা সংস্থা এন টি এ স্নাতক পর্যায়ের সংযুক্ত বিশ্ববিদ্যালয় প্রবেশ পরীক্ষা (সি ইউ ই টি - ইউ জি ২০২৪ ) এর উত্তরপত্র প্রকাশ করেছে । শিক্ষার্থীরা আগামীকালের মধ্যে উত্তরপত্রের প্রত্যাহ্বান জানাতে পারবে ।আগামী এক সপ্তাহের মধ্যে পরীক্ষার ফলাফল ঘোষনা করার সম্ভাবনা রয়েছে ।উল্লেখ্য এবার প্রথমবারের জন্য এই পরীক্ষা হাইব্রীড পদ্ধতিতে আয়োজন করা হয়েছিল ।সেই অনুযায়ী ১৫ টি বিষয় কলম বই ব্যবহার করে হয়েছিল এবং ৪৮ টি বিষয় কম্পিউটারের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছিল ।এবছর ১৩ লক্ষ ৪০ হাজারের ও বেশী শিক্ষার্থী ২৬১ টি কেন্দ্রীয় , রাজ্য , ডিমড ও ব্যাক্তিগত বিশ্ববিদ্যালয়ের স্নাতক পাঠ্যক্রমের জন্য পঞ্জীয়ন করেছে ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা তৃতীয় - চতুর্ত বর্গের কর্মচারী নিযুক্তি , রাজ্য পুলিশের উপ - পরিদর্শক , কনষ্টে বল নিযুক্তির জন্য প্রয়োজনীয় সব আনুষ্ঠানিকতা ,আলোচনা চূড়ান্ত করার জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের সংগে এক বৈঠকে মিলিত হন । বৈঠকে পরীক্ষা প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় রাখা সহ নিযূক্তি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয় । আগামী বছরের প্রথমদিকে স্বচ্ছতা বজায় রেখে সরকারী চাকরীতে রাজ্যের দক্ষ যুবক যুবতীকে নিযুক্তি দেওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন ।অন্যদিকে তিনি জনতাভবনে রাজ্যের প্রস্তাবিত সংরক্ষিত বনাঞ্চল সম্পর্কে এক বৈঠকে মিলিত হয়ে পরিবেশ সংরক্ষণ ও সবুজ আবরণ বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচা করেন ।

অন্য আরেকটি বৈঠকে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী খেল মহারনে প্রতিভাবান খেলোয়ারদের ক্রীড়া প্রতিভা অধিক বিকশিত করে তোলার ক্ষেত্রে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট আধিকারিকদের প্রতি আহ্বান জানান ।

---

নিত্য প্রয়োজনীয় সামগ্রীর মূল্যবৃদ্ধি রোধ করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার দাবীতে আজ বিভিন্ন সামাজিক , সাংস্কৃতিক সংগঠন , নাগরিক ও গ্রাহক সংগঠনের প্রতিনিধিরা ক্ষুদিরাম মূর্তির পাদদেশে মিলিত হয়ে বিক্ষোভ কার্যসূচী

পালন করেন ।পরে নিত্য প্রয়োজনীয় সামগ্রীর মূল্যবৃদ্ধি রোধে জেলা প্রশাসনের পক্ষ থেকে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করা , অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা ,প্রশাসনের পক্ষ থেকে মূল্য ধার্য করে জনসাধারণের সুবিধার্থে তালিকা আকারে প্রকাশ করা ইত্যাদি দাবী সম্বলিত স্মারকপত্র জেলা আয়ুক্তের কাছে প্রদান করা হয় ।বিক্ষোভ কার্যসূচীতে নাগরিক স্বার্থরক্ষা সংগ্রাম পরিষদের সাধারণ সম্পাদক হরিদাস দত্ত , সাধন পুরকায়স্থ , ফোরাম ফর সোশ্যাল হারমনির অরূপ বৈশ্য প্রমুখ অংশগ্রহণ করেন ।

---

অল আসাম ইলেকট্রিসিটি কনজিউমার্স এসোসিয়েশনের এর কাছাড় জেলা কমিটির এক সভা আজ উকিলপট্টিতে সংগঠনের কার্যালয়ে অনুষ্ঠিত হয় । সভায় আগামী ১০ ই জুলাই থেকে ১০ ই সেপ্টেম্বর পর্যন্ত জেলায় সংগঠনের সদস্য সংগ্রহ অভিযান শুরু করা হবে বলে সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।এছাড়া কমিটি অন্যান্য রাজ্যের মতো আসামে ও বিনামূল্যে ২০০ ইউনিট পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ করা , বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে মানুষ ও গৃহপালিত পশুর মৃত্যু রোধে উন্মুক্ত ট্রেন্সফর্মারের পাশে বেরিগেট তৈরী করা , স্মার্ট মিটার বসানো বন্ধ করা সহ বেশ কিছু দাবী জানিয়েছে । সভায় আগামী সেপ্টেম্বর মাসে সংগঠনের জেলা কমিটি পুর্নগঠনের জন্য সম্মেলনের আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।
সভায় সংগঠনের আসাম রাজ্য শাখার অন্যতম আহ্বায়ক হিল্লোল ভট্টাচার্য , জেলা সম্পাদক অঞ্জন কুমার চন্দ প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলায় আজ থেকে নীতি আয়োগের উচ্চাকাঙ্খী জেলা প্রকল্প সম্পূর্নতা অভিযান শুরু হয়েছে । জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম আজ রবীন্দ্র ভবনে প্রেক্ষাগৃহে প্রদীপ প্রজ্বোলন করে সম্পূর্নতা অভিযানের উদ্বোধন করেন । উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত বলেন যে স্বাস্থ্য , শিক্ষা , কৃষি ,সমাজ কল্যান ইত্যাদি বিভাগের প্রকল্পগুলি আগামী তিন মাসে বাস্তবায়নের জন্য এই অভিযান শুরু করা হয়েছে ।

উদ্বোধনী অনুষ্ঠানে নীতি আয়োগের সিনিয়র রির্সাচ অফিসার অনুরাধা বাতানা , পৌর সভাপতি কল্যান গোস্বামী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলায় বৃক্ষ রোপনের জন্য চলতি বছর রাজ্য সরকারের কার্য্যসূচী এক পেড়-মা কে নাম প্রকল্পের অধীনে এ পর্য্যন্ত দশ হাজারেরও বেশী গাছের চারা রোপন করা হয়েছে । গত ৫ই জুন থেকে এই কার্য্যসূচীর অধীনে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান , ফার্ম, ব্যাঙ্ক এবং ব্যাক্তি বিশেষের প্রচেষ্টায় এই কার্য্যসূচী চলছে । এ উপলক্ষ্যে আজ রবীন্দ্র ভবন প্রাঙ্গনে সম্পূর্নতা অভিযানের উদ্বোধনী অনুষ্ঠানের আগে জেলা আয়ুক্ত এন এইচ গৌতম বৃক্ষরোপন করেন । উল্লেখ্য এক পেড় -মা কে নাম কার্য্যসূচীতে সমগ্র রাজ্যে সত্তর লক্ষ বৃক্ষ রোপনের লক্ষ্য গ্রহণ করা হয়েছে ।

---

করিমগঞ্জ জেলায় আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশনের অধীনে স্বাস্থ্য পরিষেবা নিবন্ধনের গতি বৃদ্ধির জন্য একটি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলার যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং-এর পৌরহিত্যে আয়োজিত সভায় আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশনের সাথে নিবন্ধিত স্বাস্থ্য সুবিধাগুলি একই মঞ্চে নিয়ে আসার বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে ।

---

---

---